গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী, বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং ৫১.০১.০০০০.০১৩.৯৬.০১৩.২৬.১১১ তারিখ : ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০২ জুন ২০২৬

প্রেরক : উপপরিচালক (কাবিখা-৩)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
খাদ্য ভবন, ১৬, আ: গনি রোড, ঢাকা।

**বিষয়: চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে ইজিপিপি কর্মসূচির আওতায় ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলার "ধরার খাল পুনঃখনন" এর নিমিত্ত মজুরি প্রদান।**

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৫১.০০.০০০০.০০০.৪২১.৯৯.০০১৫.২৬.৪১৭, তারিখ: ২৪.০৫.২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে ইজিপিপি কর্মসূচির আওতায় বাজেটের কোড নং-১৪৯০১০১-১২০০০১৯১৩-অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান ৩৬৩১১০৭-বিশেষ অনুদান খাতে ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলার "ধরার খাল পুনঃখনন" এর নিমিত্ত ওয়েজ কস্ট ৩১৮২১৩০/- টাকা, প্রশাসনিক ব্যয় ৬৩,৫৭০/- টাকা, নন-ওয়েজ কস্ট ৩২,৫০,০০০ টাকা এবং সর্দার মজুরি ৪,৩০০/- টাকাসহ সর্বমোট ৬৫,০০,০০০ (পঁয়ষট্টি লক্ষ) টাকা নিম্নোক্ত ছকের বিভাজন মোতাবেক উল্লিখিত শর্তে খাতওয়ারী উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ এর অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো।

২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ময়মনসিংহ কে ত্রিশাল উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবর অথরিটি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

**ওয়েজ কস্ট, নন-ওয়েজ এবং সর্দার মজুরি**

| ক্র. নং | জেলা | উপজেলা | উপকার ভোগীর সংখ্যা | খালের নাম | খালের দৈর্ঘ্য (কি.মি.) | ওয়েজ কস্ট | নন-ওয়েজ কস্ট | সর্দার মজুরি | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ময়মনসিংহ | ত্রিশাল | ২৩৮ | ধরার খাল পুনঃখনন | ৪.০০ | ৩১৮২১৩০ | ৩২,৫০,০০০ | ৪,৩০০ | ৬৪,৩৬,৪৩০ |
| | | **মোট =** | **২৩৮** | | **৪.০০** | **৩১৮২১৩০** | **৩২,৫০,০০০** | **৪,৩০০** | **৬৪,৩৬,৪৩০** |

**প্রশাসনিক ব্যয়**

| ক্রম | খাত | সংখ্যা | টাকা |
|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার | ১ | ৩০,০০০ |
| ২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ১ | ২৫,০০০ |
| ৩ | ট্যাগ অফিসার | ১ | ২,০০০ |
| ৪ | ইউনিয়ন কমিটির আনুষঙ্গিক খরচ | ১ | ৩,০০০ |
| ৫ | জবকার্ড মুদ্রন ব্যয় | ২৩৮ | ৩,৫৭০ |
| | | **মোট=** | **৬৩,৫৭০** |
| | | | **সর্বমোট (৬৪,৪০,০০০ + ৬৩,৫৭০) = ৬৫,০০,০০০ (পঁয়ষট্টি লক্ষ) টাকা** |

**শর্তাবলী:**

ক) ইজিপিপি সংশোধিত নির্দেশিকা ২০২৫ অনুযায়ী খাল খনন/পুনঃখনন/সংস্কার কার্যক্রম গ্রহণ করতে হবে;
খ) বরাদ্দকৃত অর্থ দ্বারা যে পরিমাণ খাল খনন করা যাবে তার পূর্ণাঙ্গ প্রাক্কলন প্রস্তুতপূর্বক জেলা কর্ণধার কমিটির অনুমোদন সাপেক্ষে এই অর্থ ব্যয় করাতে হবে;
গ) প্রকল্প গ্রহণের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়ের সাথে দ্বৈততা পরিহার করতে হবে;
ঘ) খাল খননের ক্ষেত্রে পানি নিষ্কাশন, সেচ ব্যবস্থা এবং কৃষি উন্নয়নকে অগ্রাধিকার দিতে হবে;
ঙ) খাল খননের জন্য পরিবেশের যেন ক্ষতি না হয় তা নিশ্চিত করতে হবে;
চ) দীর্ঘমেয়াদি পানি প্রবাহ ও পরিকল্পনা ঠিক রাখতে হবে;
ছ) খননকৃত খালের উত্তোলিত মাটি প্রযোজ্য ক্ষেত্রে নিলামের মাধ্যমে বিক্রয় করে বিক্রয়লব্ধ অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;

চলমান পাতা ২

জ) বর্ষা মৌসুম শুরু হওয়ার পূর্বেই যথাসম্ভব খাল খনন শেষ করতে হবে;

ঝ) ওয়েজ খাতে অনুমোদিত প্রকল্প সংশ্লিষ্ট এলাকা হতে উপকারভোগী নির্বাচন করা যাবে এবং সপ্তাহে ০৭ (সাত) দিন কাজ করার সুযোগ থাকবে;

ঞ) সরকারি আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে এবং ব্যয়ের হিসাব সংরক্ষণ করতে হবে;

ট) পাক্ষিক প্রতিবেদন ও প্রকল্প বাস্তবায়ন শেষে সমাপ্তি প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে;

ঠ) এক খাতের টাকা অন্য খাতে ব্যয় করা যাবে না এবং অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে;

ড) প্রকল্প দৃষ্টিনন্দন করার জন্য খালের দুই পাড়ে বৃক্ষরোপন করতে হবে;

ঢ) খালের দৈর্ঘ্য, প্রস্থ এবং গভীরতা ও গতিপথ সঠিক রাখতে হবে; এবং

ণ) এ কার্যক্রম সম্পর্কিত (খাল খননের পূর্বের এবং পরেরসহ) ছবি সংরক্ষণ করতে হবে এবং প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

02/06/2026

(মোঃ নুরুল ইসলাম)
উপপরিচালক (কাবিখা-৩)
ফোন : ০২-৪৮৮১০৯৯০
ই-মেইল : ffwegppreport@gmail.com

স্মারক নং ৫১.০১.০০০০.০১৩.৯৬.০১৩.২৬.১১১ তারিখ : ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০২ জুন ২০২৬

**অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ
৪। অতিরিক্ত সচিব (ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ
৬। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ibas++ এ অর্থ প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো]
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯। উপপরিচালক (বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
১০। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ময়মনসিংহ
১১। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ
১২। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)
১৩। জেলা একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, ময়মনসিংহ
১৪। উপজেলা একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ
১৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ
১৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা

02/06/2026

(মোঃ নুরুল ইসলাম)
উপপরিচালক (কাবিখা-৩)
ফোন : ০২-৪৮৮১০৯৯০
ই-মেইল : ffwegppreport@gmail.com